NEW YORK CITY DEPARTMENT OF HEALTH AND MENTAL HYGIENE

NYC Health

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ-পরিচালিত প্রতিষ্ঠানসমূহে প্রতিবন্ধীদের ব্যক্তিদের জন্য COVID-19 টিকা পাওয়ার বিরুদ্ধে বৈষম্য প্রতিরোধ

NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (NYC Department Of Health and Mental Hygiene) কর্তৃক COVID-19 টিকাদান প্রকল্পসহ এর সকল প্রকল্প, পরিষেবা ও কার্যক্রমসমূহ পরিচালনায় প্রতিবন্ধী আমেরিকান আইন (Americans with Disabilites Act, ADA), পুনর্বাসন আইন, নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন, এবং নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইনসহ অন্য সকল প্রযোজ্য আইনসমূহ মেনে চলে।

জনগণের একজন নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের COVID-19 টিকাদান প্রকল্পে অংশ নেওয়ার জন্য যুক্তিসঙ্গত সুবিধা পাওয়ার জন্য আবেদন করতে পারেন। একটি অ্যাপয়েন্টমেন্ট করার সময় কোনো সুবিধা পাওয়ার আবেদন করতে, এসব ব্যক্তিরা তাদের যুক্তিসঙ্গত সুবিধা পাওয়ার অনুরোধ জানিয়ে https://vax4nyc.nyc.gov/patient/s/ ভিজিট করতে পারেন, hubaccess@health.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারেন, অথবা 1-877-829-4692 নম্বরে ফোন করতে পারেন। সুবিধা পাওয়ার জন্য আবেদনসমূহ নিউ ইয়র্কে তাদের পছন্দসই শহর কেন্দ্রে তাদের টিকা অ্যাপয়েন্টমেন্টের যতটা সম্ভব আগে জানাতে হবে। জনগণের সদস্যরা তাৎক্ষণিক সুবিধা পাওয়ার জন্য কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া সরাসরি একটি টিকাদান কেন্দ্রেও চলে আসতে পারেন। প্রতিটি কেন্দ্রে রয়েছে ব্যবহারযোগ্য প্রবেশপথ/নির্গমণ পথ, রেস্টুরুম ও টিকাদানের স্থানে যাওয়ার পথ। প্রতিটি কেন্দ্রে রয়েছে আমেরিকান ইশারা ভাষা (American Sign Language, ASL) সহ 240 টিরও বেশি ভাষায় ভিডিও অনুবাদ পরিষেবা। প্রতিটি কেন্দ্রে প্রতিবন্ধী ব্যক্তিদের সাহায্য করার জন্য কমপক্ষে একজন করে প্রতিবন্ধীতা, ব্যবহার ও কার্যক্ষমতা সংক্রান্ত প্রয়োজন (Disability, Access and Functional Needs, DAFN) সমন্বয়কারী রয়েছেন। ব্যক্তিরা চাইলে তাদের পছন্দ অনুযায়ী চলাচলের একটি যন্ত্রও (যেমন হুইলচেয়ার, ওয়াকার) নিয়ে আসতে পারেন, এবং প্রতিটি কেন্দ্রে কমপক্ষে একটি করে হুইলচেয়ার রয়েছে যা তারা ব্যবহার করতে পারবেন। সেই সাথে, প্রতিবন্ধী ব্যক্তিদেরকে সাহায্য করার জন্য তাদের সাথে একজন সঙ্গী, ব্যক্তিগত সেবা পরিচারক, ব্যক্তিগত সেবা সহকারী, পরিবারের সদস্য, দোভাষী বা অন্য কেউ থাকতে পারবেন। যে কোনো টিকাদান কেন্দ্রে সেবাদানকারী প্রাণী নিয়ে যাওয়ার অনুমতি রয়েছে। অনেক কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই বাড়তি সুবিধাসমূহের ব্যবস্থা রয়েছে, তবে, কোনো ব্যক্তির যদি অন্য কোন সুবিধা দরকার হয়, তাহলে তাদের উচিত হবে কেন্দ্রে যাওয়ার আগে hubaccess@health.nyc.gov ঠিকানায় যোগাযোগ করা, 311 নম্বরে কল করা বা 311692 নম্বরে টেক্সট করা।

সেই সাথে, নিউ ইয়র্ক শহর কর্তৃক শহরের যে সব যোগ্য বাসিন্দা সম্পূর্ণভাবে গৃহবন্দী তাদের জন্য বাড়িতে গিয়ে COVID-19 টিকাদানের ব্যবস্থা রাখা হয়েছে। এ সম্পর্কে আগ্রহ জানাতে দয়া করে এই ফর্মটি পূরণ করুন: https://forms.cityofnewyork.us/f/homebound বা 1-877-829-4692 নম্বরে ফোন করুন।

একটি COVID-19 টিকা অ্যাপয়েন্টমেন্ট করতে সাহায্য সম্পর্কে বাড়তি তথ্যের অনুরোধ, নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য দপ্তরের টিকাদান কেন্দ্রসমূহে সহায়তা পাওয়া, বাড়িতে টিকা নেওয়া, এবং শহরের COVID-19 টিকাদান প্রকল্প সম্পর্কে অন্য যে কোনো প্রতিবন্ধীতা-সংক্রান্ত প্রশ্নসমূহের উত্তর পাওয়া যাবে hubaccess@health.nyc.gov ঠিকানায় যোগাযোগ করে, 311 এ কল করে বা 311692 এ টেক্সট করে।

আপনি যদি মনে করেন যে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের COVID-19 টিকাদান প্রকল্পে আপনার অংশগ্রহণ, বা অংশগ্রহণের প্রচেষ্টার সাথে সম্পর্কিত কোনো যুক্তিসঙ্গত সুবিধা পাওয়া থেকে আপনাকে বঞ্চিত করা হয়েছে বা অন্য কোনোভাবে বৈষম্যের শিকার হয়েছেন, দয়া করে hubaccess@health.nyc.gov ঠিকানায় ইমেইল করুন, 311 এ কল করুন বা 311692 নম্বরে টেক্সট করুন। তারা আপনাকে একটি অভিযোগ বা নালিশ দাখিল করতে সাহায্য করবে। আপনার অভিযোগ বা নালিশ hubaccess@health.nyc.gov এ, 311 এ, বা 311692 এ টেক্সট করে জানানোর পর, আপনার অভিযোগের প্রাপ্তিস্বীকার করার জন্য দুই (2) কার্যদিবসের মধ্যে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের একজন কর্মকর্তা আপনার সাথে যোগাযোগ করবেন। অভিযোগ প্রক্রিয়া সম্পর্কে বাড়তি তথ্যগুলো নিচে দেয়া হল।

ADA, পুনর্বাসন আইন, এবং স্টেট ও সিটি মানবাধিকার আইনসমূহ অনুসারে COVID-19 টিকা পাওয়া সম্পর্কে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের কাছে অভিযোগ জানানোর প্রক্রিয়া

নিউ ইয়র্ক সিটির COVID-19 টিকা বিতরণ প্রচেষ্টার আওতায় পরিষেবা, কার্যক্রম, প্রকল্প, বা সুবিধাসমূহ পেতে গিয়ে জনসাধারণের যে কেউ প্রতিবন্ধীতার কারণে বৈষম্যের শিকার হওয়ার দাবি জানিয়ে অভিযোগ করতে চাইলে তিনি এই অভিযোগ জানানোর প্রক্রিয়াটি ব্যবহার করতে পারবেন।

অভিযোগটি লিখিত হতে হবে এবং অভিযুক্ত বৈষম্য সম্পর্কে তথ্য যেমন অভিযোগকারীর নাম, ঠিকানা, ও টেলিফোন নম্বর, এবং সেই সাথে ADA, পুনর্বাসন আইন, নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন, বা নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন লঙ্ঘিত হওয়ার অবস্থান, তারিখ, এবং বিবরণ। বৈষম্যের উদাহারণসমূহের মধ্যে আছে, তবে এগুলোই সব নয় - অনুরোধের পর একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে কোনো প্রতিষ্ঠান কর্তৃক একজন আমেরিকান ইশারা ভাষা দোভাষী, বড় অক্ষরে বা ব্রেইলে কাগজপত্র এবং তাৎক্ষণিক ক্যাপশনিং যেটি কম্পিউটার-সহযোগে তাৎক্ষণিক অনুলিখন (computer-assisted real-time transcription, CART) বলেও পরিচিত ইত্যাদি প্রদানে

অস্বীকৃতি জানানো, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের COVID-19 টিকাদান কেন্দ্রগুলোতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়তা সম্পর্কিত যথেষ্ট তথ্য প্রদানে ব্যর্থতা, বা নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের COVID-19 টিকাদান কেন্দ্রগুলোতে কর্মকর্তাদের কারণে ঘটা কোনো সমস্যা।

অভিযোগ জানানোর বিকল্প উপায়সমূহ, যেমন সামনা-সামনি সাক্ষাৎকার বা অভিযোগের অডিও রেকর্ডিং, প্রতিবন্ধী ব্যক্তির প্রয়োজন অনুসারে, তিনি অনুরোধ জানালে, প্রদান করা হবে।

ADA, পুনর্বাসন আইন, নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন, বা নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন লঙ্ঘিত হওয়ার পর যত দ্রুত সম্ভব এবং সর্বোচ্চ ষাট (60) দিনের মধ্যে অভিযোগটি hubacess@health.nyc.gov ঠিকানায়, 311 এ কল করে বা 311692 এ টেক্সট করে ফোনের মাধ্যমে অভিযোগ দাখিল করতে হবে।

অভিযোগ পাওয়ার দুই (2) দিনের মধ্যে, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের নিয়োজিত একজন কর্মকর্তা অভিযোগের প্রাপ্তিস্বীকার করার জন্য অভিযোগকারীর সাথে যোগাযোগ করবেন।

অভিযোগকারীর সাথে যোগাযোগের পাঁচ (5) দিনের মধ্যে, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের নিয়োজিত একজন কর্মকর্তা অভিযোগটির লিখিত জবাব দেবেন, এবং যেখানে প্রযোজ্য হবে, অনুরোধকৃত যুক্তিসঙ্গত সুবিধা (সমূহ) বা বিকল্প যুক্তিসঙ্গত সুবিধা (সমূহ) প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। যুক্তিসঙ্গত সুবিধা (সমূহ) যদি প্রদান করা না হয়, তাহলে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের এর অবস্থানটি এই জবাবে ব্যাখ্যা করা হবে এবং যেখানে প্রযোজ্য হবে, সেখানে অভিযোগের গ্রহণযোগ্য সমাধানের জন্য উপায়সমূহ প্রদান করা হবে।

অভিযোগকারী বা অভিযোগকারীর নিযুক্ত ব্যক্তি জবাবটি পাওয়ার ত্রিশ (30) দিনের মধ্যে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন এই ঠিকানায় ইমেইল করে: OGC@health.nyc.gov।

আপিলটি অবশ্যই লিখিতভাবে দাখিল করতে হবে। আপিল দাখিল করার বিকল্প উপায়সমূহ, যেমন সামনা-সামনি সাক্ষাৎকার বা অভিযোগের একটি অডিও রেকর্ডিং, প্রতিবন্ধীদের ব্যক্তিদের জন্য তাদের অনুরোধ অনুসারে প্রদান করা যেতে পারে।

আপিলের অনুরোধ পাওয়ার ত্রিশ (30) দিনের মধ্যে অভিযোগকারীকে আপিলের জবাব প্রদান করা হবে। সকল জবাব লিখিত অবস্থায়, অথবা যেখানে প্রযোজ্য হবে সেখানে অভিযোগকারীর কাছে গ্রহণযোগ্য একটি মাধ্যমে প্রদান করা হবে। একটি অভিযোগের প্রেক্ষিতে পাওয়া সকল লিখিত অভিযোগ, আপিল, এবং জবাবসমূহ কমপক্ষে তিন (3) বছর সংরক্ষণ করা হবে।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের কাছে অনুরোধক্রমে এই দলিলটি বিকল্প মাধ্যমসমূহেও উপলব্ধ, যার মধ্যে আছে বড় অক্ষরে ছাপা, অডিও রেকর্ডিং, এবং ব্রেইল।

NEW YORK CITY DEPARTMENT OF HEALTH AND MENTAL HYGIENE

Health

ADA, পুনর্বাসন আইন, এবং স্টেট ও সিটি মানবাধিকার আইন অনুসারে COVID-19 টিকা পাওয়া সম্পর্কে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের অধিকার সম্পর্কিত নোটিশ

কার্যকরী যোগাযোগ: যোগ্য প্রতিবন্ধী ব্যক্তিরা যেন নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের COVID-19 টিকাদান প্রকল্প, পরিষেবা ও কার্যক্রমসমূহে সমানভাবে অংশগ্রহণ করতে পারেন সে জন্য তাদের অনুরোধক্রমে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর কর্তৃক বাক, শ্রবণ, বা দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের কার্যকরী যোগাযোগের জন্য সনদপ্রাপ্ত ইশারা ভাষা দোভাষী, ব্রেইলে লেখা কাগজপত্র, এবং তথ্য ও যোগাযোগ সহজ করার অন্যান্য উপায়সমূহসহ, যথোপযুক্ত সহায়তা ও পরিষেবাসমূহ প্রদান করা হবে।

নীতিমালা ও কার্যক্রমসমূহে পরিবর্তন: প্রতিবন্ধী ব্যক্তিরা যেন নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের সকল COVID-19 টিকাদান প্রকল্প, পরিষেবা ও কার্যক্রমসমূহে সমানভাবে অংশ নিতে পারেন সে জন্য নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর এর নীতিমালা ও কার্যক্রমসমূহে যুক্তিসঙ্গত পরিবর্তন আনবে। উদাহারণস্বরূপ, সেবা প্রদানকারী পশু নিয়ে আসা ব্যক্তিগণ সকল নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের টিকাদান কেন্দ্রে স্বাগত, এমনকি যে সব জায়গায় সাধারণত পোষা প্রাণী নিষিদ্ধ সেখানেও।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের একটি COVID-19 টিকাদান প্রকল্প, পরিষেবা, বা কার্যক্রমে অংশগ্রহণের জন্য কার্যকরীভাবে যোগাযোগ করার জন্য কারো যদি একটি ঐচ্ছিক সহায়তা বা পরিষেবা, অথবা কার্যক্রম বা নীতিমালায় কোনো পরিবর্তনের দরকার হয়, তাহলে তাদের উচিত হবে যত দ্রুত সম্ভব hubaccess@health.nyc.gov ঠিকানায় যোগাযোগ করা, অথবা 311 এ ফোন করা।

ADA এ নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরকে এমন কিছু করতে বলা হয়নি যার ফলে এটিকে এর প্রকল্প বা পরিষেবাসমূহের মৌলিক গঠনে পরিবর্তন আনতে হবে অথবা যেটি এর উপর অযৌক্তিক অর্থনৈতিক বা প্রশাসনিক বোঝার কারণ হবে।

ঐচ্ছিক সহায়তা/পরিষেবাসমূহ বা নীতিমালাসমূহে যুক্তিসঙ্গত পরিবর্তন আনার খরচ বহন করার জন্য নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর কর্তৃক কোনো বাড়তি খরচ ধার্য করা হবে না।

একটি COVID-19 টিকা অ্যাপয়েন্টমেন্ট ধার্য করা সম্পর্কে সহায়তা, টিকাদান কেন্দ্রসমূহে সুবিধা পাওয়া, বাড়িতে টিকা পাওয়ার উপায়সমূহ, এবং অন্য যে কোনো COVID-19 সম্পর্কিত প্রতিবন্ধীতা-বিষয়ক প্রশ্ন, জিজ্ঞাসা, দুশ্চিন্তা বা বাড়তি তথ্যের অনুরোধসমূহ hubaccess@health.nyc.gov ঠিকানায় বা 311 নম্বরে জানানো যাবে।

আপনার যদি মনে হয় যে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের COVID-19 টিকাদান প্রকল্প, পরিষেবা, বা কার্যক্রমসমূহে অংশগ্রহণ করতে গিয়ে আপনি কোনো ঐচ্ছিক সহায়তা বা পরিষেবা অথবা

নীতিমালা বা কার্যক্রমসমূহের যুক্তিসঙ্গত পরিবর্তন প্রাপ্ত হওয়া থেকে বঞ্চিত হয়েছেন, দয়া করে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তরের অভিযোগ জানানোর প্রক্রিয়া দেখুন।

সেই সাথে, প্রতিবন্ধীতা বিষয়ক অভিযোগ ও প্রশ্নগুলো অন্যান্য সিটি, স্টেট, এবং সরকারী প্রতিষ্ঠানগুলোকেও জানানো যাবে, যেগুলোর মধ্যে আছে, তবে এগুলোই সব নয়:

NYC Commission on Human Rights
22 Reade Street
New York, NY 10272
টেলিফোন: 718-741-8400
https://www1.nyc.gov/site/cchr/about/report-discrimination.page

NYS Division of Human Rights
One Fordham Plaza, Fourth Floor
Bronx, NY 10458
টেলিফোন: 718-722-3131
https://dhr.ny.gov/contact-us

US Department of Justice
950 Pennsylvania Avenue, NW
Civil Rights Division
Disability Rights Section -1425 NYAV
Washington, D.C. 20530
টেলিফোন: 1-800-514-0301
https://www.ada.gov/filing_complaint.htm